তারিখ 20 SEP 2016
পৃষ্ঠা ৭/৬ কলাম ৬

যুগান্তর

# মেডিকেলে অধ্যয়নরত পাকিস্তানি শিক্ষার্থীদের তথ্য সংগ্রহের নির্দেশ

**যুগান্তর রিপোর্ট**

দেশের সরকারি-বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজে অধ্যয়নরত পাকিস্তানি শিক্ষার্থীদের হালনাগাদ তথ্য চেয়েছে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ের বরাত দিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় স্বাস্থ্য অধিদফতরের কাছে বাংলাদেশের মেডিকেল ও ডেন্টাল কলেজে গত পাঁচ শিক্ষাবর্ষে ভর্তিকৃত পাকিস্তানের শিক্ষার্থীদের হালনাগাদ তথ্য পাঠাতে অনুরোধ করেছে।

জানা গেছে, সম্প্রতি গুলশানে হলি আর্টিজান রেস্তোরাঁয় হামলায় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের জড়িত থাকার অভিযোগ উঠে। বাংলাদেশের মেডিকেল কলেজে বিশেষ করে বেসরকারি মেডিকেল কলেজে অধ্যয়নরত পাকিস্তানি শিক্ষার্থীদের মধ্যে কারও সঙ্গে জঙ্গি কানেকশন আছে কিনা তা খতিয়ে দেখতেই এ উদ্যোগ নেয়া হয়েছে বলে জানান স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদফতরের একাধিক কর্মকর্তা এবং চিকিৎসক নেতা। সোমবার বিকাল পর্যন্ত স্বাস্থ্য মন্ত্রণালয়ের চিঠিটি হাতে পাননি বলে জানান স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডা. মো. আবদুর রশীদ। মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, সার্কভুক্ত দেশগুলোর কোটায় সরকারি মেডিকেল কলেজে প্রতি বছর ১৮ জন করে শিক্ষার্থী ভর্তির সুযোগ পান। বর্তমানে বেসরকারি মেডিকেল কলেজে আসন সংখ্যার শতকরা ৫০ ভাগ বিদেশী শিক্ষার্থী ভর্তির অনুমতি রয়েছে।